



পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি পিএলসি
PETROLEUM TRANSMISSION COMPANY PLC
(A Subsidiary of Bangladesh Petroleum Corporation)

স্মারক নং: পিটিসি পিএলসি/২০২৬/১৮৮

তারিখ: ১৬/০৩/২০২৬ খ্রি.

অফিস আদেশ

বিষয়ঃ পবিত্র ঈদ-উল-ফিতর, ২০২৬ উপলক্ষে সরকারি ছুটিকালীন সময়ে (১৭-২৩ মার্চ) পিটিসি পিএলসি'র আওতাধীন স্থাপনাসমূহে নিরাপত্তা জোরদারকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৬ উপলক্ষে আগামী ১৭/০৩/২০২৬ খ্রি. হতে ২৩/০৩/২০২৬ খ্রি. পর্যন্ত সরকারি ছুটিকালীন সময়ে পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি (পিটিসি পিএলসি) এর আওতাধীন সমূহের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে উক্ত সময়ে সংশ্লিষ্ট সকল স্থাপনায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (১) স্থাপনার সকল প্রবেশপথে ভিজিটর কন্ট্রোল ও নিরাপত্তা তত্ত্বাশি নিশ্চিত করতে হবে এবং অননুমোদিত ব্যক্তির প্রবেশ নিয়ন্ত্রণ করতে হবে।
- (২) স্থাপনার সকল সিসিটিভি ক্যামেরা, নিরাপত্তা অ্যালার্ম ও মনিটরিং সিস্টেম সচল রয়েছে কিনা তা নিশ্চিত করতে হবে এবং কন্ট্রোল রুম হতে মনিটরিং বজায় রাখতে হবে।
- (৩) পর্যাপ্ত নিরাপত্তা টহল ও নজরদারির ব্যবস্থা করতে হবে।
- (৪) অগ্নিনির্বাপক সরঞ্জামাদি পরীক্ষা করে প্রস্তুত রাখতে হবে।
- (৫) স্থাপনার চারপাশে পর্যাপ্ত আলোর ব্যবস্থা নিশ্চিত করতে হবে যাতে রাত্রিকালীন নিরাপত্তা কার্যক্রম নির্বিঘ্নভাবে পরিচালনা করা যায়।
- (৬) স্থাপনার অভ্যন্তরে বা আশেপাশে সন্দেহজনক কোনো ব্যক্তি, বস্তু বা নাশকতামূলক তৎপরতার আশঙ্কা দেখা দিলে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট আইন-শৃঙ্খলা বাহিনীকে অবহিত করতে হবে।
- (৭) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণকে নিজ নিজ কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে কর্মস্থল ত্যাগ করা যাবে না।
- (৮) কর্মকর্তা/কর্মচারীগণের ডিউটি রোস্টার প্রস্তুত ও যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

সংশ্লিষ্ট স্থাপনার ইনচার্জগণ উপরোক্ত নির্দেশনাসমূহ তদারকি করবেন এবং সার্বিক নিরাপত্তা ব্যবস্থা কার্যকরভাবে বাস্তবায়ন নিশ্চিত করবেন।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই অফিস আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ মাহবুবুর রহমান)

উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)
ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে

বিতরণ

১. মহাব্যবস্থাপক, সিডিপিএল, পিটিসি পিএলসি;
২. সকল উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক, সিডিপিএল/এসপিএম/আইবিএফপিএল, পিটিসি পিএলসি;
৩. সকল প্র্যান্ট ইনচার্জ, সিডিপিএল/এসপিএম/আইবিএফপিএল, পিটিসি পিএলসি;

অনুলিপি: (অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

১. ব্যবস্থাপনা পরিচালক, পিটিসি পিএলসি;
২. অফিস কপি।